



পাবনা ক্যাডেট কলেজ

পাবনা।

দুরালাপনী : ০৭৩১-৬৬০৭৫

ই-মেইল : pcc\_pabna@yahoo.com

৩০ শ্রাবণ ১৪২৯

১৪ আগস্ট ২০২২

২৩.০১.৯১১.৭৬১.০২.০২৬.০০.২০.০৭.১৬/২৫৩

**ক্যাডেটদের কলেজ ফি, পকেট মানি ও অন্যান্য সকল পাওনাদি অনলাইনের মাধ্যমে পরিশোধ প্রসঙ্গে**

বরাহতঃ

ক। সেনাসদর (সময়) এজি'র শাখা পত্র নম্বর ২৩.০১.৯০১.০৩৬.০২.১৭৯.০২.১৪.০৬.১৭ তারিখ ২১ জুন ২০১৭।

সম্মানিত অভিভাবক,

১। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যাডেট কলেজে প্রচলিত নিয়মানুযায়ী ক্যাডেটদের মাসিক কলেজ ফি, পকেট মানি এবং অন্যান্য আর্থিক লেনদেন ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে সম্পন্ন করা হয়। কিন্তু বর্তমানে সকল সরকারী ও বেসরকারী ব্যাংক তাদের আর্থিক কার্যক্রম অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সম্পন্ন করছেন। এমতাবস্থায় যুগের সাথে তাল মিলিয়ে ক্যাডেটদের কলেজ ফি, পকেট মানি ও অন্যান্য পাওনাদি পরিশোধ পদ্ধতি সহজ করার লক্ষ্যে বরাহত 'ক' পত্রের নির্দেশক্রমে ডিমান্ড ড্রাফট এর পরিবর্তে অনলাইন ব্যাংকিং লেনদেনের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২। অনলাইন ব্যাংকিং লেনদেনের মাধ্যমে বিভিন্ন পাওনাদি পরিশোধের সময় ব্যাংকে টাকা জমা দেওয়ার স্লিপ এবং ব্যাংক লেনদেন বিবরণীতে অবশ্যই ক্যাডেট নম্বর ও ক্যাডেটের নাম উল্লেখের বিষয়টি অভিভাবক কর্তৃক নিশ্চিত করতে হবে। ব্যাংক লেনদেন বিবরণীতে ক্যাডেট নং ও নাম উল্লেখ নিশ্চিতকল্পে প্রয়োজনবোধে অভিভাবক কর্তৃক টাকা জমা দেওয়ার সময় সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তার সাথে সরাসরি কথা বলার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিভিন্ন খাতের টাকা (যেমন- কলেজ ফি, পকেটমানি, জরিমানা ইত্যাদি) আলাদা আলাদা ভাবে জমা করতে হবে। কোনভাবেই এক খাতের টাকা অন্য কোন খাতের/বিষয়ের টাকার সাথে একত্রে জমা করা যাবে না। ব্যাংকে অনলাইনে টাকা জমা দেওয়ার পর উক্ত জমা স্লিপের কপি অভিভাবক কর্তৃক সংরক্ষণ করে এর এক কপি হাতে হাতে/ডাকযোগে অথবা কলেজ মেইল (pcc.adjt@army.mil.bd) "অধ্যক্ষ, পাবনা ক্যাডেট কলেজ, পাবনা" বরাবর প্রেরণ করতে হবে।

৩। বিভিন্ন খাতের/বিষয়ের টাকা প্রেরণের ক্ষেত্রে অনলাইন হিসাব নম্বরসমূহ নিম্নে প্রদত্ত হলো :

ক্র/নং	বিষয়/খাতের বিবরণ	হিসাব নম্বর	হিসাবের ধরণ	মন্তব্য
ক।	কলেজ ফিস ও জরিমানা	৩৯২১-০২০-০০০৯২৬	চলতি	কলেজ ফিস ও জরিমানা আলাদাভাবে জমা দিতে হবে।
খ।	আভ্যন্তরীণ পরীক্ষা ফি	৩৯২১-০১০-০০৯৭২১	সঞ্চয়ী	-
ঘ।	ক্রেস্ট ম্যাগাজিন ও পরিবার নিরাপত্তা চাঁদা	৩৯২১-০১০-০০৫২৯১	সঞ্চয়ী	-
গ।	অন্যান্য পাওনাদি	৩৯২১-০১০-০০১৩৮৪	সঞ্চয়ী	-
ঙ।	পকেটমানি	সংশ্লিষ্ট ক্যাডেটের নিজ নামে ব্যক্তিগত হিসাব নম্বরে জমা করতে হবে।	সঞ্চয়ী	-

৪। উক্ত অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে বিভিন্ন পাওনাদি পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে অত্র কলেজের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব উজ্জল চন্দ্র সূত্রধর (০১৭০০-৫৫৫৫৫৪০) এবং রূপালী ব্যাংক লিঃ, পাবনা ক্যাডেট কলেজ শাখা এর (☎ - ০৭৩১-৬৫৩৩৪) অথবা অত্র কলেজের ক্যাশিয়ার জনাব মোঃ আবুল বাশার মিয়া (০১৭৩৬-৬৩ ৪৮ ২৬) এর সাথে প্রয়োজনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৫। আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ সাইফুল ইসলাম  
অধ্যক্ষ

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

সংশ্লিষ্ট অভিভাবক

ব্যক্তিগত নথি